

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪৩৪

১/ বিবিধ

আরবী

إن الله تعالى يدعو الناس يوم القيامة بأسمائهم سترا منه على عباده، وأما عند الصراط فإن الله عز وجل يعطي كل مؤمن نورا، وكل مؤمنة نورا، وكل منافق نورا، فإذا استتوا على الصراط سلب الله نور المنافقين والمنافقات، فقال المنافقون: (انظرونا نقتبس من نوركم) (الحديد: 13) ، وقال المؤمنون: (ربنا أتمم لنا نورنا) (التحریم: 8) فلا يذكر عند ذلك أحد أحدا

موضوع

أخرجه الطبراني (3 / 115 / 1) من طريق إسماعيل بن عيسى العطار، أخبرنا إسحاق بن بشر أبو حذيفة، أخبرنا ابن جريج عن ابن أبي مليكة، عن ابن عباس مرفوعا قلت: وإسحاق هذا كذاب، وقد تقدم طرفه الأول أنفا بسند آخر له كما تقدمت له أحاديث، وقال الهيثمي في "المجمع" (10 / 359) بعد أن ساق الحديث من رواية الطبراني: وهو متروك

বাংলা

৪৩৪। কিয়ামতের দিন আল্লাহ তা'আলা লোকদেরকে তাদের নাম ধরে ডাকবেন, তার পক্ষ হতে বান্দাদের গোপনীয়তা রক্ষার জন্য। পুলসিরাতের নিকট আল্লাহ তা'আলা প্রত্যেক মুমিন, মুমিনা এবং মুনাফেককে নূর দান করবেন। যখন তারা পুলসিরাতে আরোহন করবেন, তখন আল্লাহ তা'আলা মুনাফেক নারী পুরুষদের নূরকে ছিনিয়ে নিবেন। অতঃপর মুনাফেকরা বলবেঃ (আমাদের দিকে একটু দৃষ্টি দাও তোমাদের আলো হতে কিছু গ্রহন করি) [সূরা হাদীদঃ ১৩] মুমিনরা বলবেঃ (হে আমাদের প্রতিপালক আমাদের নূরকে পরিপূর্ণ করে দাও) [আত-

তাহরীমঃ ৮]। তখন কেউ কাউকেই স্মরণ করবে না।

হাদীসটি জাল।

এটি তাবারানী (৩/১১৫/১) ইসমাঈল ইবনু ঈসা আত্তার সূত্রে ইসহাক ইবনু বিশর আবু হুযাইফা হতে ... বর্ণনা করেছেন। আমি (আলবানী) বলছিঃ এ ইসহাক মিথ্যুক। হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (১০/৩৫৯) তাবারানীর বর্ণনা হতে হাদীসটি উল্লেখ করে বলেনঃ তিনি মাতরুক।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68019>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন